# Quota System

## চাকুরীতে কোটা সংক্রান্ত পত্রাবলী

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্থাপন মন্ত্রণালয়
বিধি-১ শাখা।

০৬ পৌষ, ১৪১৬ বঃ
নং- সম (বিধি-১) এস-০৯/২০০৯- ৪৪২ তারিখ ঃ-------------------------
২০ ডিসেম্বর, ২০০৯ খ্রিঃ

## পরিপত্র

**বিষয় ঃ সরকারী/স্বায়ত্বশাসিত / আধা -স্বায়ত্বশাসিত এবং বিভিন্ন কর্পোরেশন ও দফতরে সরাসরি নিয়োগের ক্ষেত্রে জেলার সর্বশেষ জনসংখ্যার ভিত্তিতে জেলাওয়ারী পদ বিতরণের শতকরা হার নির্ধারণ।**

সংস্থাপন মন্ত্রণালয়ের পরিপত্র নং সম/বিধি-১/এস-২/৯০-৪৭(১৫০), তারিখ ২১-০৩-৯৩ ইং এর মাধ্যমে সরাসরি নিয়োগের ক্ষেত্রে ১৯৯১ সনের আদমশুমারীর রিপোর্টে বর্ণিত জেলার জনসংখ্যার ভিত্তিতে জেলাওয়ারী পদ বিতরণের শতকরা হার জারি করা হয়। কিন্তু ইতোমধ্যে ২০০১ সনের আদশুমারীর রিপোর্ট প্রকাশিত হওয়ায় এবং বিভিন্ন জেলায় জনসংখ্যার হ্রাস- বৃদ্ধি ঘটায় জেলাওয়ারী পদ বিতরণের শতকরা হার সংশোধনের প্রয়োজন।

২। তৎপ্রেক্ষিতে ২১/৩/৯৩ তারিখের উল্লেখিত পরিপত্রটি বাতিলকরতঃ ২০০১ ইং সনের আদমশুমারী অনুযায়ী সংশ্লিষ্ট জেলার জনসংখ্যার ভিত্তিতে জেলাওয়ারী পদ নির্ধারণের সংশোধিত হার পরিশিষ্ট 'ক' তে সংযুক্ত করা হইল।

৩। এই সংশোধিত হার অবিলম্বে কার্যকর হইবে।

৪। সকল মন্ত্রণালয়/বিভাগ এবং তাহাদের অধীনস্থ সকল নিয়োগকারী কর্তৃপক্ষকে বিষয়টি অবহিত করিতে অনুরোধসহ আলোচ্য পরিপত্রের প্রাপ্তি স্বীকার করিতে অনুরোধ করা হইল।

(ইকবাল মাহমুদ)
সচিব

**বিতরণ ঃ**

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
৩। সচিব,
-----------------------------------------------------------------------------সকল মন্ত্রণালয়/বিভাগ।
(তাঁহার আওতাধীন সকল মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/সংস্থা/দপ্তর/প্রতিষ্ঠানকে অবহিত করার অনুরোধসহ)
৪। মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সিএন্ডএজি'র কার্যালয়, ৪৩ নং কাকরাইল সড়ক, ঢাকা।
৫। সচিব, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, পুরাতন বিমানবন্দর ভবন, ঢাকা।
৬। উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা অফিস, তেজগাঁও, (পরবর্তী গেজেটে প্রকাশের জন্য)।
৭। ----------------------------------------------------------------------------- সংস্থাপন মন্ত্রণালয়ের আওতাধীন সকল অধিদপ্তর, পরিদপ্তর, দপ্তর, অফিস, সংস্থা ও প্রশিক্ষণ প্রতিষ্ঠান।

পরিশিষ্ট-ক

## সরাসরি নিয়োগের ক্ষেত্রে জনসংখ্যার ভিত্তিতে ৬৪টি জেলার পদ বিতরণের শতকরা হার

| ক্রমিক নং | জেলা | জনসংখ্যা | শতকরা হার |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| | ঢাকা বিভাগ | ৩,৮৯,৮৭,১৪০ | ৩১.৪৮ |
| ১ | ঢাকা | ৮৬,১৮,৭০০ | ৬.৯৬ |
| ২ | গাজীপুর | ২০,২৩,২৬০ | ১.৬৩ |
| ৩ | মানিকগঞ্জ | ১৩,০১,৯০০ | ১.০৫ |
| ৪ | মুন্সীগঞ্জ | ১২,৮৯,১০০ | ১.০৪ |
| ৫ | নারায়ণগঞ্জ | ২১,৭০,৭৪০ | ১.৭৫ |
| ৬ | নরসিংদী | ১৯,০১,৮৪০ | ১.৫৪ |
| ৭ | ফরিদপুর | ১৭,৪২,৭২০ | ১.৪১ |
| ৮ | গোপালগঞ্জ | ১১,৫১,৮০০ | ০.৯৩ |
| ৯ | মাদারীপুর | ১১,২৯,৯৪০ | ০.৯১ |
| ১০ | রাজবাড়ী | ৯,৫২,২৮০ | ০.৭৭ |
| ১১ | শরিয়তপুর | ১০,৮০,৬৮০ | ০.৮৭ |
| ১২ | জামালপুর | ২১,০৬,০৪০ | ১.৭০ |
| ১৩ | শেরপুর | ১২,৬৭,৯৪০ | ১.০২ |
| ১৪ | কিশোরগঞ্জ | ২৫,৫৭,২৪০ | ২.০৭ |
| ১৫ | নেত্রকানা | ১৯,৯১,২৪০ | ১.৬০ |
| ১৬ | ময়মনসিংহ | ৪৪,৬০,১২০ | ৩.৬০ |
| ১৭ | টাংগাইল | ৩২,৬১,৬০০ | ২.৬৩ |
| | চট্টগ্রাম বিভাগ | ২,৪১,১৯,৬৬০ | ১৯.৪৭ |
| ১ | চট্টগ্রাম | ৬৫,৪৩,৮৬০ | ৫.২৮ |
| ২ | কক্সবাজার | ১৭,৫৯,৫৬০ | ১.৪২ |
| ৩ | খাগড়াছড়ি | ৫,১৬,৯০০ | ০.৪২ |
| ৪ | বান্দর বান | ৩,০০,৭৪০ | ০.২৪ |
| ৫ | রাংগামাটি | ৫,২৫,১০০ | ০.৪২ |
| ৬ | কুমিল্লা | ৪৫,৯১,৩৪০ | ৩.৭১ |
| ৭ | ব্রাহ্মণবাড়িয়া | ২৩,৭৭,৯৮০ | ১.৯২ |
| ৮ | চাঁদপুর | ২২,৪১,০২০ | ১.৮১ |
| ৯ | নোয়াখালী | ২৫,৭০,৬৪০ | ২.০৮ |
| ১০ | ফেনী | ১২,০৫,৯৮০ | ০.৯৭ |
| ১১ | লক্ষীপুর | ১৪,৮৬,৫৪০ | ১.২০ |

| ক্রমিক নং | জেলা | জনসংখ্যা | শতকরা হার |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| | **রাজশাহী বিভাগ** | **৩,০০,৮৮,৭৪০** | **২৪.২৯** |
| ১ | বগুড়া | ৩০,১৫,৪০০ | ২.৪৩ |
| ২ | জয়পুরহাট | ৮,৫৬,৫৬০ | ০.৬৯ |
| ৩ | দিনাজপুর | ২৬,৪০,৯৪০ | ২.১৩ |
| ৪ | পঞ্চগড় | ৮,৩৭,৯৮০ | ০.৬৮ |
| ৫ | ঠাকুরগাঁও | ১২,১৪,৬৬০ | ০.৯৮ |
| ৬ | পাবনা | ২১,৬৪,৯৬০ | ১.৭৫ |
| ৭ | সিরাজগঞ্জ | ২৬,৭৩,০৬০ | ২.১৬ |
| ৮ | রাজশাহী | ২২,৭৪,৩৪০ | ১.৮৪ |
| ৯ | নওগাঁ | ২৩,৮৫,৯০০ | ১.৯৩ |
| ১০ | নাটোর | ১৫,১৭,০০০ | ১.২২ |
| ১১ | নবাবগঞ্জ | ১৪,২১,৭৪০ | ১.১৫ |
| ১২ | রংপুর | ২৫,২৭,০৬০ | ২.০৪ |
| ১৩ | গাইবান্ধা | ২১,২৯,৭০০ | ১.৭২ |
| ১৪ | লালমনিরহাট | ১১,০৪,৩৬০ | ০.৮৯ |
| ১৫ | কুড়িগ্রাম | ১৭,৬২,৯২০ | ১.৪২ |
| ১৬ | নীলফামারী | ১৫,৬২,১৬০ | ১.২৬ |
| | **খুলনা বিভাগ** | **১,৪৬,০৪,৯০০** | **১১.৭৯** |
| ১ | খুলনা | ২৩,৫৭,৯৪০ | ১.৯০ |
| ২ | বাগেরহাট | ১৫,১৬,৮২০ | ১.২২ |
| ৩ | সাতক্ষীরা | ১৮,৪৫,১২০ | ১.৪৯ |
| ৪ | যশোর | ২৪,৬৯,৬৮০ | ২.০০ |
| ৫ | ঝিনাইদহ | ১৫,৬৮,৪৪০ | ১.২৭ |
| ৬ | মাগুড়া | ৮,২১,৮৪০ | ০.৬৬ |
| ৭ | নড়াইল | ৬,৯৪,৯০০ | ০.৫৬ |
| ৮ | কুষ্টিয়া | ১৭,৩৭,৩৬০ | ১.৪০ |
| ৯ | চুয়াডাঙ্গা | ১০,০৫,১৮০ | ০.৮১ |
| ১০ | মেহেরপুর | ৫,৮৭,৬২০ | ০.৪৭ |
| | **বরিশাল বিভাগ** | **৮১,৫৩,৯৬০** | **৬.৫৯** |
| ১ | বরিশাল | ২৩,৪৮,৪৪০ | ১.৯০ |
| ২ | ভোলা | ১৭,০৩,২০০ | ১.৩৮ |
| ৩ | ঝালকাঠি | ৬,৯২,৬৮০ | ০.৫৬ |
| ৪ | পিরোজপুর | ১০,৯৯,৭৮০ | ০.৮৯ |
| ৫ | বরগুনা | ৮,৪৫,০৬০ | ০.৬৮ |
| ৬ | পটুয়াখালী | ১৪,৬৪,৮০০ | ১.১৮ |

| ক্রমিক নং | জেলা | জনসংখ্যা | শতকরা হার |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| | সিলেট বিভাগ | ৭৮,৯৬,৭২০ | ৬.৩৮ |
| ১ | সিলেট | ২৫,৪৭,৩২০ | ২.০৬ |
| ২ | হবিগঞ্জ | ১৭,৫০,১৮০ | ১.৪১ |
| ৩ | মৌলভীবাজার | ১৬,০৮,৮৬০ | ১.৩০ |
| ৪ | সুনামগঞ্জ | ১৯,৯০,৩৬০ | ১.৬১ |
| | বাংলাদেশ ঃ | ১২,৩৮,৫১,১২০ | ১০০.০০ |

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**সংস্থাপন মন্ত্রণালয়**
**বিধি-১ শাখা।**
**(www.moestab.gov.bd)**

নং- ০৫.১৭০.০২২.০৭.০১.০২০.২০১০-৫৯

তারিখ ঃ ০৪ ফাল্গুন, ১৪১৬ বঃ / ১৬ ফেব্রুয়ারি, ২০১০খ্রিঃ

**বিষয় ঃ সরকারি/আধা সরকারি দপ্তর, স্বায়ত্তশাসিত/আধা স্বায়ত্তশাসিত সংস্হা/প্রতিষ্ঠান ও কর্পোরেশনের চাকুরিতে সরাসরি নিয়োগের ক্ষেত্রে মুক্তিযোদ্ধা কোটা অনুসরণ।**

সকল সরকারি/আধা সরকারি দপ্তর, স্বায়ত্তশাসিত/আধা স্বায়ত্তশাসিত সংস্হা/প্রতিষ্ঠান ও কর্পোরেশনের চাকুরিতে সরাসরি নিয়োগের ক্ষেত্রে মুক্তিযোদ্ধার সন্তানদের জন্য নির্ধারিত কোটা অনুসরণের লক্ষ্যে সরকার নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে ঃ

ক) সরকারি/আধা সরকারি দপ্তর, স্বায়ত্তশাসিত/আধা স্বায়ত্তশাসিত সংস্হা/প্রতিষ্ঠান ও কর্পোরেশনের চাকুরিতে মুক্তিযোদ্ধার সন্তানদের জন্য নির্ধারিত কোটা পূরণ করা সম্ভব না হইলে উক্ত পদগুলি পূরণ করা সংক্রান্ত সংস্থাপন মন্ত্রনালয়ের ০৪ সেপ্টেম্বর ২০০২ তারিখের সম(বিধি-১)এস-১৪/৯৯-২৮৪ নং স্মারক এবং ০৯ ফেব্রুয়ারি ২০০৩ তারিখের সম(বিধি-১)এস-১৪/৯৯-৩৬(২৫০) নং স্মারকের নির্দেশনা বাতিল করা হইল।

খ) সকল সরকারি/আধা সরকারি দপ্তর, স্বায়ত্তশাসিত/আধা স্বায়ত্তশাসিত সংস্হা/প্রতিষ্ঠান ও কর্পোরেশনের চাকুরিতে মুক্তিযোদ্ধার সন্তানদের জন্য নির্ধারিত কোটা পূরণ করা সম্ভব না হইলে উক্ত পদগুলি খালি রাখিতে হইবে।

গ) বিচার বিভাগীয় পদসমূহ পূরণের ক্ষেত্রে সরকারি/আধা সরকারি দপ্তর, স্বায়ত্তশাসিত/আধা স্বায়ত্তশাসিত সংস্হা/প্রতিষ্ঠান ও কর্পোরেশনের চাকুরির ক্ষেত্রে প্রযোজ্য কোটা পদ্ধতির অনুরূপ কোটা পদ্ধতি অনুসরণ করিতে হইবে এবং মুক্তিযোদ্ধা সন্তানদের জন্য নির্ধারিত কোটা পূরণ করা সম্ভব না হইলে উক্ত পদগুলি খালি রাখিতে হইবে।

(ইকবাল মাহমুদ)
সচিব

বিতরণ ঃ
১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
৩। সচিব,
............................................... ..........................................................সকল মন্ত্রণালয়/বিভাগ।
(তাঁহার আওতাধীন সকল মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/সংস্হা/দপ্তর/প্রতিষ্ঠানকে অবহিত করিবার অনুরোধসহ)
৪। মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সিএন্ডএজি'র কার্যালয়, ৪৩ নং কাকরাইল সড়ক, ঢাকা।
৫। সচিব, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, পুরাতন বিমানবন্দর, ঢাকা।
৬। ........................................................................ ............................ সংস্হাপন মন্ত্রণালয়ের আওতাধীন সকল অধিদপ্তর, পরিদপ্তর, দপ্তর, অফিস, সংস্হা ও প্রশিক্ষণ প্রতিষ্ঠান।

৬৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্থাপন মন্ত্রণালয়
বিধি-১ শাখা
www.moestab.gov.bd

নং-০৫.১৭০.০২২.০৭.০৪.০৬৮.২০১০-১৫০

তারিখ ঃ ২২ বৈশাখ, ১৪১৭ বঙ্গাব্দ
০৫ মে, ২০১০ খ্রিস্টাব্দ

## পরিপত্র

**বিষয় ঃ সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত/আধা-স্বায়ত্তশাসিত এবং বিভিন্ন কর্পোরেশন ও দপ্তরে সরাসরি নিয়োগের ক্ষেত্রে বিশেষ কোটা (মুক্তিযোদ্ধা, মহিলা ও উপজাতীয়) পদ্ধতির সংশোধন।**

সরকার উল্লিখিত বিষয়ে পূর্বের সিদ্ধান্তসমূহের আংশিক সংশোধন করিয়া নিম্নে বর্ণিত সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে ঃ

১। সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত/আধা-স্বায়ত্তশাসিত এবং বিভিন্ন কর্পোরেশন ও দপ্তরে ১ম ও ২য় শ্রেণীর পদে সরাসরি নিয়োগের ক্ষেত্রে বিভিন্ন জেলার বিশেষ কোটার (মুক্তিযোদ্ধা ৩০%, মহিলা ১০% ও উপজাতীয় ৫%) শূন্য পদসমূহ প্রথমে জনসংখ্যাভিত্তিক জেলা কোটা অনুযায়ী উপযুক্ত প্রার্থীদের দ্বারা পূরণ করিতে হইবে। জেলা কোটার সকল পদ সংশ্লিষ্ট জেলার প্রার্থীদের দ্বারা পূরণ করা সম্ভব না হইলে শূন্য পদসমূহ সংশ্লিষ্ট কোটার জাতীয় মেধাতালিকা হইতে পূরণ করিতে হইবে।

২। বিভিন্ন জেলার বিশেষ কোটার অধীন বিতরণকৃত পদসংখ্যা স্বল্পতার কারণে নিয়োগের জন্য যোগ্য বিবেচিত হন নাই, নিয়োগ পরীক্ষায় উত্তীর্ণ এরূপ বিশেষ কোটার প্রার্থীদের নিয়ে বিশেষ কোটাভিত্তিক অর্থাৎ মুক্তিযোদ্ধা, মহিলা ও উপজাতীয়দের জন্য পৃথক পৃথকভাবে জাতীয়ভিত্তিক মেধাতালিকা প্রণয়ন করিতে হইবে। অতঃপর বিশেষ কোটার অধীন কোন জেলার বিতরণকৃত পদের সংখ্যা হইতে যোগ্য প্রার্থীর সংখ্যা কম হইলে উক্ত বিশেষ কোটার অপূর্ণ পদসমূহ জাতীয়ভিত্তিক স্ব স্ব বিশেষ কোটার অর্থাৎ মুক্তিযোদ্ধা, মহিলা ও উপজাতীয়দের জন্য প্রণীত উল্লিখিত জাতীয় মেধাতালিকা হইতে পূরণ করিতে হইবে।

৩। কোটা সংক্রান্ত অন্যান্য বিধিবিধানসমূহ অপরিবর্তিত থাকিবে।

৪। এই সিদ্ধান্ত অবিলম্বে কার্যকর হইবে।

৫/৫/১০

(ইকবাল মাহমুদ)
সচিব

বিতরণ ঃ
১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
৩। সচিব, ........................................................................................................ সকল মন্ত্রণালয়/বিভাগ।
(তাঁহার আওতাধীন সকল মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/সংস্থা/দপ্তর/প্রতিষ্ঠানকে অবহিত করিবার অনুরোধসহ)
৪। মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সিএন্ডএজি'র কার্যালয়, ৪৩ নং কাকরাইল সড়ক, ঢাকা।
৫। সচিব, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, পুরাতন বিমানবন্দর, ঢাকা।
৬। উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা অফিস, তেজগাঁও(পরবর্তী গেজেটে প্রকাশের জন্য), ঢাকা।
৭। সিনিয়র সিস্টেমস এনালিস্ট, পিএসিসি, সংস্থাপন মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৮। .................................................................................................. সংস্থাপন মন্ত্রণালয়ের আওতাধীন সকল অধিদপ্তর, পরিদপ্তর, দপ্তর, অফিস, সংস্থা ও প্রশিক্ষণ প্রতিষ্ঠান।

ডায়েরী নম্বর ....
তারিখ ....
স্বাক্ষর

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**সংস্থাপন মন্ত্রণালয়**
**বিধি-১ শাখা।**
**(www.moestab.gov.bd)**

নং- ০৫.১৭০.০২২.০৭.০১.১২৪.২০১০- ২৬

তারিখ ঃ ০৩ মাঘ, ১৪১৭ বঃ
১৬ জানুয়ারি, ২০১১ খ্রিঃ

**বিষয় ঃ মুক্তিযোদ্ধার সন্তানগণসহ মুক্তিযোদ্ধার পরিবারের অন্যান্য সদস্যদের সরকারি/আধা সরকারি দপ্তর, স্বায়ত্বশাসিত/আধা স্বায়ত্বশাসিত সংস্থা/প্রতিষ্ঠান ও কর্পোরেশনের চাকুরিতে মুক্তিযোদ্ধা কোটায় অন্তর্ভুক্তকরণ।**

সরকার উপরোক্ত বিষয়ে সংস্থাপন মন্ত্রণালয়ের ১৭/০৩/১৯৯৭ খ্রিঃ তারিখের সম(বিধি-১)/এস-৮/৯৫(অংশ-২)-৫৬(৫০০) নং স্মারকের ১ নং অনুচ্ছেদের সারণীর 'বিভিন্ন ধরনের কোটা' সংক্রান্ত কলামের ৩(ক) নং ক্রমিক অংশ নিম্নরূপভাবে সংশোধন করিল ঃ

''(ক) মুক্তিযোদ্ধা এবং উপযুক্ত মুক্তিযোদ্ধা প্রার্থী পাওয়া না গেলে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং পুত্র-কন্যা পাওয়া না গেলে পুত্র-কন্যার পুত্র-কন্যা''

২। এই সিদ্ধান্ত অবিলম্বে কার্যকর হইবে।

(ইকবাল মাহমুদ)
সচিব

বিতরণ ঃ

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
৩। সচিব, ........................................................................................ মন্ত্রণালয়/বিভাগ(সকল)
(তাঁহার আওতাধীন সকল মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/সংস্হা/দপ্তর/প্রতিষ্ঠানকে অবহিত করিবার অনুরোধসহ)
৪। মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সিএন্ডএজি'র কার্যালয়, ৪৩ নং কাকরাইল সড়ক, ঢাকা।
৫। সচিব, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, পুরাতন বিমানবন্দর, ঢাকা।
৬। উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (পরবর্তী গেজেটে প্রকাশের জন্য)।
৭। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, পিএসিসি, সংস্থাপন মন্ত্রনালয়(ওয়েব সাইটে প্রকাশের জন্য)।

ডায়েরী নম্বর ১৬৫
তারিখ ...১৭/...০৫/১১...
স্বাক্ষর

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
বিধি-১ শাখা।

নং- ০৫.১৭০.০২২.০৭.০১.০১৪.২০১১- ৯৮৭

তারিখ ঃ ~~২৩ বৈশাখ, ১৪১৮ বঃ~~
০৬ মে, ২০১১খ্রিঃ

পরিপত্র

বিষয় ঃ মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যার পুত্র-কন্যা সনাক্তকরণ পদ্ধতি নির্ধারণ।

জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১৭/০৩/১৯৯৭ তারিখের সম(বিধি-১)এস-৮/৯৫(অংশ-২)-৫৬(৫০০) নং স্মারক দ্বারা সকল সরকারি, স্বায়ত্ত্বশাসিত, আধা-স্বায়ত্ত্বশাসিত প্রতিষ্ঠান এবং কর্পোরেশনের চাকুরিতে সরাসরি নিয়োগের জন্য বলবৎকৃত ৩০% মুক্তিযোদ্ধা কোটা ২৬ মার্চ ১৯৯৭ তারিখ হইতে মুক্তিযোদ্ধা এবং মুক্তিযোদ্ধা প্রার্থী পাওয়া না গেলে সে ক্ষেত্রে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র ও কন্যার অনুকূলে বলবৎ করা হয়। পরবর্তীতে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১৬/০১/২০১১ তারিখের ০৫.১৭০.০২২.০৭.০১.১২৪.২০১০-২৬ নং স্মারক দ্বারা ১৭/০৩/১৯৯৭ তারিখের স্মারকটি সংশোধনপূর্বক মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যার পুত্র-কন্যাকে মুক্তিযোদ্ধা কোটায় অন্তর্ভুক্ত করা হয়।

২। এক্ষণে, সরকার উপর্যুক্ত উদ্দেশ্যে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যার পুত্র-কন্যা সনাক্তকরণের জন্য নিম্নোক্ত পদ্ধতি অনুসরণের সিদ্ধান্ত গ্রহণ করিলেন ঃ

(ক) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হিসেবে চাকুরি প্রার্থীকে চাকুরির আবেদনপত্রের সহিত তাহাদের পিতার পিতা/পিতার মাতা/মাতার পিতা/মাতার মাতা(প্রযোজ্য ক্ষেত্রে) এর মুক্তিযোদ্ধা সার্টিফিকেট, যাহা যথাযথভাবে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত হইতে হইবে, এর সত্যায়িত কপি দাখিল করিতে হইবে।

(খ) আবেদনপত্রের সহিত এসএসসি বা সমমানের পরীক্ষায় পাশের ক্ষেত্রে এসএসসি বা সমমানের সার্টিফিকেট এবং এসএসসি বা সমমানের পরীক্ষায় পাশ না হইলে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানের সার্টিফিকেটের সত্যায়িত কপি দাখিল করিতে হইবে।

(গ) আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হইলে আবেদনকারী যে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা এই মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশন এর ওয়ার্ড কাউন্সিলর ও পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সার্টিফিকেট আবেদনপত্রের সহিত সংযুক্ত করিতে হইবে।

(ঘ) চূড়ান্ত নির্বাচনের পূর্বে নিয়োগকারী কর্তৃপক্ষ সংশ্লিষ্ট সকল সার্টিফিকেটের মূল কপি যাচাই করিয়া সত্যতা সম্পর্কে সুনিশ্চিত হইবেন।

(ঙ) চাকুরিতে নিয়োগের পূর্বে পুলিশ ভেরিফিকেশন সম্পন্ন করিতে হইবে এবং উক্ত পুলিশ ভেরিফিকেশন ফরমে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা সম্পর্কিত একটি ঘর/কলাম সংযোজন করিতে হইবে। পুলিশ ভেরিফিকেশন রিপোর্টের তথ্যে এবং সার্টিফিকেটের তথ্যে অমিল পরিলক্ষিত হইলে নিয়োগকারী কর্তৃপক্ষ এই বিষয়ে নিরপেক্ষভাবে তদন্ত করিয়া চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করিবেন।

(চ) উপরের 'ক' হইতে 'ঙ' উপ-অনুচ্ছেদে বর্ণিত পদ্ধতি যে চাকুরির জন্য আবশ্যকীয় অন্যান্য যোগ্যতা ও প্রক্রিয়ার অতিরিক্ত তাহা সুস্পষ্টভাবে সংশ্লিষ্ট চাকুরির নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লেখ করিতে হইবে।

চলমান পাতা-২

৩। উপর্যুক্ত সরকারি সিদ্ধান্ত সকল মন্ত্রণালয়/বিভাগকে তাহাদের অধীনস্থ সরকারি, স্বায়ত্তশাসিত, আধা-স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান এবং বিভিন্ন কর্পোরেশনের সকল পর্যায়ের নিয়োগকারী কর্তৃপক্ষকে অবগত করাইতে অনুরোধ করা হইল।

(ইকবাল মাহমুদ)
সচিব

বিতরণ ঃ
১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
৩। সচিব, ........................................................................................ সকল মন্ত্রণালয়/বিভাগ।
(তাঁহার আওতাধীন সকল মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/সংস্থা/দপ্তর/প্রতিষ্ঠানকে অবহিত করিবার অনুরোধসহ)
৪। মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সিএন্ডএজি'র কার্যালয়, ৪৩ নং কাকরাইল সড়ক, ঢাকা।
৫। সচিব, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, পুরাতন বিমানবন্দর, ঢাকা।
৬। উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (পরবর্তী গেজেটে প্রকাশের জন্য)।
৭। সিনিয়র সিষ্টেম এনালিষ্ট, পিএসিসি, জনপ্রশাসন মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।

কার্যবিধি
১৬/১/১২

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
## জনপ্রশাসন মন্ত্রণালয়
### বিধি-১ শাখা।
(www.mopa.gov.bd)

নং- ০৫.০০.০০০০.১৭০.০৭.০৫৭.১১-১৫

তারিখ ঃ ২৯ পৌষ, ১৪১৮ বঃ
১২ জানুয়ারি, ২০১২ খ্রিঃ

**বিষয় ঃ বিসিএস ক্যাডার সার্ভিস এবং অন্যান্য ১ম ও ২য় শ্রেণীর সরকারি চাকুরির ক্ষেত্রে প্রতিবন্ধীদের জন্য ১% কোটা সংরক্ষণ।**

সরকার ১ম ও ২য় শ্রেণীর সরকারি চাকুরির ক্ষেত্রে প্রতিবন্ধীদের জন্য নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে ঃ

(ক) বিসিএস ক্যাডারসহ সরকারি দপ্তর, স্বায়ত্তশাসিত/আধা-স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান এবং বিভিন্ন কর্পোরেশনের ১ম ও ২য় শ্রেণীর সরকারি চাকুরির ক্ষেত্রে প্রতিবন্ধীদের জন্য এক শতাংশ কোটা সংরক্ষণ করা হইবে।

(খ) বিসিএস ক্যাডারসহ সরকারি দপ্তর, স্বায়ত্তশাসিত/আধা-স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান এবং বিভিন্ন কর্পোরেশনের ১ম ও ২য় শ্রেণীর সরকারি চাকুরির ক্ষেত্রে বিদ্যমান কোটাসমূহের মধ্যে যে কোটায় পর্যাপ্ত সংখ্যক যোগ্য প্রার্থী পাওয়া যাইবে না সেই কোটা হইতে এক শতাংশ যোগ্য প্রতিবন্ধী প্রার্থীদের দ্বারা পূরণ করা হইবে।

২। এই সিদ্ধান্ত অবিলম্বে কার্যকর হইবে।

১২.০১.১২
(আবদুস সোবহান সিকদার)
সচিব

বিতরণ ঃ
১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
৩। সচিব, ........................................................................ মন্ত্রণালয়/বিভাগ(সকল)
(তাঁহার আওতাধীন সকল মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/সংস্হা/দপ্তর/প্রতিষ্ঠানকে অবহিত করিবার অনুরোধসহ)
৪। মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সিএন্ডএজি'র কার্যালয়, ৪৩ নং কাকরাইল সড়ক, ঢাকা।
৫। সচিব, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, পুরাতন বিমানবন্দর, ঢাকা।
৬। উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (পরবর্তী গেজেটে প্রকাশের জন্য)।
৭। সিনিয়র সিষ্টেম এনালিষ্ট, পিএসিসি, জনপ্রশাসন মন্ত্রনালয়(ওয়েব সাইটে প্রকাশের জন্য)।